

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. সৈয়দা তাসমিনা আহমেদ মহাপরিচালক
তারিখ	:	১০.০১.২০২৩ খ্রি:
সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	:	মহাপরিচালক এর অফিসকক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য।

সকলকে শূভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সকল কর্মপরিকল্পনা যথাসময়ে সম্পাদিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।


০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ অর্থ বছরের ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে অনুমোদন করা হয়। সিদ্ধান্ত: ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর অনুমোদিত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা আয়োজন	সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্য সম্পাদনের জন্য অংশীজনদের সমন্বয়ে সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে ৩য় প্রান্তিকে নারী কর্মী, শিল্পী ও কলা-কুশলী এবং সংবাদ পাঠিকাসহ রিপোর্টারদের সমন্বয়ে অংশীজন সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে অংশীজন সভা আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন-২)
০৩.	কর্মপরিবেশ উন্নয়ন	অকেজো মালামাল নিষ্পত্তিকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। সদর দপ্তর ও ঢাকা কেন্দ্রে সংরক্ষিত প্রকৌশল সংশ্লিষ্ট ব্যবহার অনুপযোগী ও অকেজো মালামালের তালিকা প্রনয়ণপূর্বক যাচাই-বাছাই করে বিনষ্টকরণের জন্য প্রধান প্রকৌশলীকে আহ্বায়ক করে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত: সদর দপ্তর ও ঢাকা কেন্দ্রের বিভিন্ন কক্ষে সংরক্ষিত প্রকৌশল সংশ্লিষ্ট ব্যবহার অনুপযোগী ও অকেজো মালামালের তালিকা প্রনয়ণপূর্বক যাচাই-বাছাই করে বিনষ্টকরণ এবং কক্ষগুলো খালি করার জন্য প্রধান প্রকৌশলীকে আহ্বায়ক করে দ্রুত একটি কমিটি গঠন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন-৩)
০৪.	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) যথাযথ বাস্তবায়ন	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে রাজস্ব এবং উন্নয়ন বাজেট ৫০% যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ মার্চ, ২০২৩ মাসের মধ্যে রাজস্ব এবং উন্নয়ন বাজেট ৫০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	প্রধান প্রকৌশলী, পরিচালক (অর্থ) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৫.	বাজেট বাস্তবায়ন	রাজস্ব বাজেট বাস্তবায়নে ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে রাজস্ব বাজেট ৬২% এবং উন্নয়ন বাজেট ৫০% বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে রাজস্ব বাজেট ৬২% এবং উন্নয়ন বাজেট ৫০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	প্রধান প্রকৌশলী, পরিচালক (অর্থ) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
০৬.	পিআইসি সভা আয়োজন	৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে চলমান প্রকল্পের পিআইসি সভা ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে আয়োজন সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান প্রকল্পের পিআইসি সভা ৩১ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করে প্রমাণকসহ তথ্যাদি পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ নিশ্চিত করবেন।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

০২। সভাপতি তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৩)-এর কার্যক্রম যথাসময়ে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১২-০২-২০২৩
ড. সৈয়দা তাসমিনা আহমেদ
মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯২.২২. ২০৫/২ (৭)

তারিখ: ২৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ


সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।
- ০৬। প্রকল্প পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ০৭। সহকারী পরিচালক (প্রশাসন-২ ও ৩), বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ০১। উপসচিব, প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।


মো: হেলাল কবির
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৮৮ (অফিস)